

# ঢাকা কলেজে মাস্টার্স শিক্ষার্থীদের ১৫ আগস্টের মধ্যে হল ত্যাগের নির্দেশ

স্টাফ রিপোর্টার

প্রকাশিত: ২০:২৬, ১০ আগস্ট ২০২৫



ঢাকা কলেজের ছাত্রাবাসে অবস্থান করা মাস্টার্স শেষ পর্বের  
শিক্ষার্থীদের আগামী ১৫ আগস্টের মধ্যে হল ত্যাগের নির্দেশ  
দিয়েছেন কলেজ প্রশাসন। অন্যথায় কলেজ প্রশাসন কর্তৃক  
তাদের বিরুদ্ধে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের  
বিষয়ে হশিয়ারি দিয়েছেন।

রবিবার (১০ আগস্ট) ঢাকা কলেজ অধ্যক্ষ অধ্যাপক এ কে  
ইলিয়াস স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ নির্দেশ দেওয়া হয়েছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ২০১৮-১৯ শিক্ষাবর্ষের মাস্টার্স শেষ  
বর্ষের শিক্ষার্থীরা যারা এখনো বিভিন্ন ছাত্রাবাসে অবস্থান করছে  
তারা আগামী ১৫ আগস্টের মধ্যে ছাত্রাবাস ত্যাগ করার নির্দেশ  
দেওয়া হলো। অন্যথায় কলেজ প্রশাসন কর্তৃক তাদের বিরুদ্ধে  
বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

এ বিষয়ে ঢাকা কলেজ হল কমিটির আহ্বায়ক অধ্যাপক আনোয়ার মাহমুদ বলেন, আমরা মাস্টার্স শেষ বর্ষের শিক্ষার্থীদের হল ত্যাগের বিষয়ে অনেক আগেই বলেছি। তারা জুন পর্যন্ত সময় চেয়েছিল এরপরেও আমরা তাদের আরও বেশি সময় দিয়েছি। যারা হল ত্যাগ করবে না তাদের বিরুদ্ধে বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

তিনি আরও বলেন, নতুন কোন শিক্ষার্থীদের হলে আপাতত সিট বরাদ্দ দেওয়া হবে না। ইলিয়াস ছাত্রবাস থেকে শিক্ষার্থীদের সরিয়ে নিতে মন্ত্রণালয় থেকে আমাদের প্রতি নির্দেশনা রয়েছে। ইলিয়াস হলের ১১০ টি সিটের মধ্যে লটারি আকারে মাস্টার্সের শূন্য আসনে সিট বন্টন করা হবে। এবং বাকি শিক্ষার্থীদের মাস্টার্স হলের নতুন রিডিং রুমের পাশে সিট বরাদ্দ দেওয়া হবে।

---

রিফাত